



বইমেলায় তথ্যপ্রযুক্তিবিষয়ক বই

এম. মিজানুর রহমান সোহেল

অমর একুশে গ্রন্থমেলায় তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের সংখ্যা প্রায় বেড়ে চলেছে। প্রত্যেক বছর এ সংখ্যা আগের সংখ্যা ছাড়িয়ে যাচ্ছে। এ বছর বিচ্ছিন্নভাবে বিভিন্ন প্রকাশনী থেকে এ সংক্রান্ত অনেক বই বের হয়েছে। বইগুলোর মধ্যে ইতোমধ্যেই পাঠকনন্দিত হয়েছে বেশ কিছু বই। এছাড়া শুধু প্রযুক্তি সম্পর্কিত বই প্রকাশ করে এমন অনেক প্রকাশনীও এবার বই প্রকাশ করে আগের রেকর্ড ভেঙে দিয়েছে। নিচে আলোচিত কয়েকটি বইয়ের তথ্য আলোকপাত করা হয়েছে।

সচিত্র ডিজিটাল ব্যঙ্গ অভিধান : সদ্য শেষ হওয়া বইমেলায় তরুণদের মধ্যে বেশ সাড়া জাগিয়েছিল তথ্যপ্রযুক্তি বিষয়ের লেখক পল্লব মোহাইমেনের সচিত্র ডিজিটাল ব্যঙ্গ অভিধান। প্রযুক্তি ক্ষেত্রে ব্যবহৃত বিভিন্ন শব্দের ব্যঙ্গ প্রতিশব্দ



নিয়ে প্রকাশিত বইটি লেখকের প্রথম গ্রন্থ। একই সাথে এটি বাংলাভাষায় প্রকাশিত তথ্যপ্রযুক্তি নিয়ে প্রথম রম্যগ্রন্থ। নতুন ধারার সচিত্র ডিজিটাল ব্যঙ্গ অভিধান বইটিতে পল্লব মোহাইমেন প্রযুক্তির শব্দগুলোর রম্য ব্যাখ্যা দিয়েছেন। এখানে লেখক প্রযুক্তির মূল রস যেমন ধরেছেন, তেমনি চারপাশের রঙ্গ-ব্যঙ্গও তুলে ধরেছেন। আর তা দিয়ে গঠন করেছেন জ্বতসই বাক্য। সচিত্র ডিজিটাল ব্যঙ্গ অভিধান প্রকাশ করেছে গুড প্রকাশ। চার রংয়ে ছাপা বইটির দাম ১৫০ টাকা।

কাজের যত মোবাইল অ্যাপস : মেলায় প্রকাশ পেয়েছে তথ্যপ্রযুক্তি বিষয়ের লেখক নুরুল্লাহী চৌধুরী হাছিবের দুটি বই। নিত্য কাজে লাগে এমন কাজের অ্যাপস নিয়েই এবারের



একুশে বইমেলায় প্রকাশিত হয়েছে কাজের যত মোবাইল অ্যাপস। বইটি প্রকাশ করেছে তাম্রলিপি প্রকাশনী। বইয়ে বিভিন্ন বিষয়ের ওপর রয়েছে অ্যাপসের সুবিধা, ব্যবহার ও বৈশিষ্ট্যের বর্ণনার পাশাপাশি কিছু গেমের অ্যাপস। উল্লেখযোগ্য অ্যাপস তালিকায় রয়েছে ফেসবুক, টুইটার, বাংলা ডিকশনারি, হোম রিমিডিয়াস, নাসা, ট্রিপ অ্যাডভাইজার, উইকিপিডিয়া, ক্লিন মাস্টার, বাংলা কারেন্সি কনভার্টার, বাংলা ক্যালকুলেটর, বাংলা রেসিপি, ক্যালোরি কাউন্টার, অ্যাংরি বার্ড, ইত্যাদিসহ আরো অনেক ফিচার।

কমপিউটার ব্যবহারের ৫৫৫ টিপস : কমপিউটারের বিভিন্ন কাজকে সহজ করে দিতে ভাষাচিত্র প্রকাশনী থেকে প্রকাশ হয়েছে কমপিউটার ব্যবহারের ৫৫৫ টিপস বইটি। বইটিতে কমপিউটার, ইন্টারনেট, ফেসবুক, ই-মেইলসহ বিভিন্ন কাজের সেরা ৫৫৫টি টিপস নিয়ে সাজানো হয়েছে। নুরুল্লাহী চৌধুরী হাছিব সম্পাদিত টিপসগুলোর মধ্যে রয়েছে- কীভাবে ফেসবুক নিরাপদ রাখবেন, কমপিউটারের নিরাপত্তা রক্ষার উপায়, ই-মেইল ও ফেসবুক অ্যাকাউন্টের শক্ত নিরাপত্তা, ওয়াইফাই দিয়ে অ্যান্ড্রয়েডের ফাইল বিনিময়, কাজের কিছু ফায়ারফক্স প্রোথাম, অনলাইনে আপনার ওপর কারা নজর রাখছে?, ওয়াইফাই নেটওয়ার্ক ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তা, হারানো তথ্য পুনরুদ্ধার করার পদ্ধতি, অনলাইনে তথ্য সংরক্ষণ ব্যবস্থা ও উপায়সহ, ল্যাপটপের দরকারি টিপস, উইন্ডোজে ইন্টারনেট সংযোগ ভাগাভাগি ইত্যাদি।



হ্যাকিং অ্যান্ড হ্যাকার : এবারের অমর একুশে গ্রন্থমেলায় এসেছে বাংলাভাষায় হ্যাকিং সম্পর্কিত প্রথম বই হ্যাকিং অ্যান্ড হ্যাকার। ব্যতিক্রমী বইটি লিখেছেন সাংবাদিক এম. মিজানুর রহমান সোহেল। প্রকাশ করেছে আল আমিন প্রকাশনী। হ্যাকিং অ্যান্ড হ্যাকার বইটির ভূমিকা লিখেছেন বাংলাদেশ অনলাইন মিডিয়া অ্যাসোসিয়েশনের (বোমা) নির্বাহী সভাপতি সৌমিত্র দেব। নয় অধ্যায় জুড়ে হ্যাকিংয়ের নানা বিষয়ে আলোকপাত করা হয়েছে। হ্যাকারদের অ্যাক্টিভিটি সম্পর্কে জানতে ও হ্যাকিং থেকে মুক্ত থাকতে এ বইটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



আউটসোর্সিং (২) কাজ শিখবেন যেভাবে :

আউটসোর্সিং ২ কাজ শিখবেন যেভাবে বইটিতে পূর্ণাঙ্গভাবে আউটসোর্সিং কাজ শেখার পদ্ধতি চিত্রসহ বিস্তারিত আলোচনা করেছেন বইয়ের লেখক মো: আমিনুর রহমান। ২৩ অধ্যায়ের এই বইটিতে ওয়েব ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইন, সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন, সোশ্যাল মিডিয়া মার্কেটিং, অ্যাফিলিয়েট মার্কেটিং, ই-মেইল মার্কেটিং, আর্টিকেল রাইটিং, ডাটা এন্ট্রি



কীভাবে ও কোথায় শিখতে হবে সেটি জানানো হয়েছে। এছাড়া গুগল অ্যাডসেন্সের মাধ্যমে কীভাবে মাসে হাজার ডলার আয় করা যায়, সফল ফ্রিল্যান্সার হওয়া যায়, ছাত্রছাত্রীদের জন্য আউটসোর্সিংয়ের প্রয়োজনীয়তা কতটুকু সেসব বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা রয়েছে।

উপন্যাস দ্য ফ্রিল্যান্সার : মুক্তচিন্তা প্রকাশিত প্রযুক্তিবিষয়ক বই উপন্যাস দ্য ফ্রিল্যান্সারের লেখক রাসেল মাহমুদ। বইটিতে একজন মুক্তপেশাজীবীর জীবনের আনন্দ-বেদনার উপাখ্যান তুলে ধরা হয়েছে। ঘটনার অন্তরালে ফ্রিল্যান্সার হওয়ার পথের নানা বিষয় ফুটে উঠেছে।

হতে চাইলে সফল ফ্রিল্যান্সার : আধুনিক জীবনধারায় ফ্রিল্যান্সিং একটি নতুন পেশার সংযোজন। সত্যিকার অর্থে এই পেশাটি কী, কীভাবে এই পেশায় সফল হওয়া যায়, এর ভবিষ্যৎইবা কী, জীবনের বিভিন্ন অবস্থা থেকে কীভাবে এই পেশায় জড়িত হওয়া যায় ইত্যাদি বিষয় নিয়ে বইমেলায় প্রকাশিত হয়েছে পার্থ সারথি করের লেখা হতে চাইলে সফল ফ্রিল্যান্সার। বইটিতে ফ্রিল্যান্সিং পেশায় আমাদের দেশে সফল এমন কয়েকজন উদ্যাক্তা ও ফ্রিল্যান্সারের বিভিন্ন বক্তব্য সংযোজন করা হয়েছে।

বইমেলায় আসা তথ্যপ্রযুক্তির আরও নতুন বই

সিস্টেম পাবলিকেশন্স : মাহবুবুর রহমানের ওয়ার্ড এন্ড্রপি ও ২০০০-



২০১০, তৈমুর খানের কোরেল ড্র, আবদুস সাত্তার ভূঁইয়ার নভোয়ানের নাম সি প্রোথামিং, আনোয়ার হোসেন চৌধুরীর এসকিউএল সার্ভার ২০১২, অ্যান্ড্রয়েড অ্যাপস ও ড্রপাল সিএমএস।

তাম্রলিপি : জাবেদ মোর্শেদ চৌধুরীর ফেসবুক ও ইন্টারনেট নিরাপত্তা।

জ্ঞানকোষ প্রকাশনী : মিজানুর রহমানের জাভাস্ক্রিপ্ট ও ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট (১ম খণ্ড)।

ফিডব্যাক : mmrshohelbd@gmail.com